গ্রাহকের উদ্দেশ্যে যোগাযোগ

আমরা আপনাকে Etisalat Prepaid এর একজন গ্রাহক হিসেবে স্বাগত জানাই, যাতে আপনি এই গ্রুপ ই টাকাফুল ব্যক্তিগত দুর্ঘটনা প্ল্যান (Group e Takaful Personal Accident Plan) এর অধীনে প্রদত্ত লাভগুলি উপভোগ করতে পারেন। প্ল্যানের আওতার বিশদ তথ্য বোঝার জন্য আমরা আপনাকে প্ল্যানের বিশদ তথ্য পড়তে অনুরোধ করি।

এই প্ল্যানের উদ্দেশ্যে নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রযোজ্য হবে, যদি না প্রসঙ্গটি অনুযায়ী অন্য কিছু প্রয়োজন হয়:

সংজ্ঞা

দুর্ঘটনা বলতে বোঝায় যেখানে শুধুমাত্র ও প্রত্যক্ষভাবে বাহ্যিক হিংসাপূর্ণ পন্থায় শারীরিক আঘাত লাগে, এবং তা অপ্রত্যাশিত, পূর্বানুমানের অযোগ্য এবং আওতাধীন ব্যক্তির দ্বারা ইচ্ছাকৃতভাবে নিজেকে আঘাত করা বা আত্মহত্যার কারণে হয় না।

লাভ বলতে বোঝায়, মৃত্যু বা স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতা সংক্রান্ত লাভের প্রসঙ্গে, এই প্ল্যানের ব্যাপ্তির অধীনে প্রদানযোগ্য ক্ষতিপূরণ।

লাভপ্রাপক বলতে শরিয়া আইন (Sharia Law) অনুযায়ী, আওতাধীন ব্যক্তির আইনি উত্তরাধিকারী বা আওতাধীন ব্যক্তির দ্বারা মনোনীত ব্যক্তিকে বোঝায়, আওতাধীন ব্যক্তির মৃত্যু বা স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতার ক্ষেত্রে যাকে প্ল্যানের অধীনে লাভগুলি প্রদান করা হবে। স্বামী বা স্ত্রী বা সন্তান বা মা-বাবা বা সহোদর ভাইবোন লাভপ্রাপক হতে পারেন, এবং এই ব্যক্তি UAE-র বাসিন্দা নাও হতে পারেন।

আওতাধীন ব্যক্তি বলতে বোঝায় পলিসিধারকের সক্রিয় প্রিপেইড সদস্য যিনি এই প্ল্যানের জন্য নথিভুক্ত হয়েছেন এবং যিনি পলিসিধারকের দ্বারা তার প্রাসঙ্গিক যোজনার অধীনে নির্ধারিত সব আবশ্যকতাগুলি পূর্ণ করেছেন এবং যার বয়স আওতার সর্বাধিক বয়সের কম এবং যিনি এর নিয়ম ও শর্তাবলী পূরণ করেছেন।

কোম্পানি / টাকাফুল কোম্পানি বলতে বোঝায় Dubai Islamic Insurance & Reinsurance Company (P.S.C.), সংযুক্ত আরব আমিরাত।

সূচনার তারিখ বলতে বোঝায় যে তারিখে পলিসিধারক এই প্ল্যান অনুযায়ী আওতাধীন ব্যক্তিকে নথিভুক্ত করেছেন অথবা প্ল্যান আরম্ভের তারিখ, এর মধ্যে যেটা পরে হয়।

ঘটনার তারিখ বলতে নিচের যে কোনো একটাকে বোঝায়:

1. **মৃত্যুর** ক্ষেত্রে মৃত্যুর তারিখ, যা সুনির্দিষ্টভাবে বাদ দেওয়া ঘটনাগুলি ছাড়া অন্য কোনো দুর্ঘটনার কারণে সূচনার তারিখে কিংবা তার পরে এবং প্ল্যানের সময়কালে হয়েছে।
2. **স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতার** ক্ষেত্রে, একটি যোগ্য কর্তৃপক্ষ দ্বারা স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতার স্বীকৃতির তারিখ, যা সূচনার তারিখের পরে এবং প্ল্যানের সময়কালে ঘটিত/প্রকাশিত কোনো দুর্ঘটনার ফলস্বরূপ হয়েছে।

স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতা বলতে বোঝায় আওতাধীন ব্যক্তি 65 বছর বয়সে পদার্পণ করার আগে ঘটেছে এমন বিকলাঙ্গতা, এবং যা একটি দুর্ঘটনার ফলস্বরূপ শারীরিক আঘাতের কারণে হয়েছে এবং কমপক্ষে 12 মাস ধরে নিরন্তর অব্যাহত আছে এবং অনির্দিষ্ট সময়কাল পর্যন্ত চলার আশা করা হয়।

এই সংজ্ঞার ব্যাখ্যায়, কোম্পানি নিম্নলিখিতগুলির সম্পূর্ণ এবং অপূরণীয় ক্ষতি কিংবা এগুলিকে ব্যবহার করার ক্ষতিকে পূর্ণ ও স্থায়ী বিকলাঙ্গতা হিসেবে স্বীকার করে:

- উভয় চোখের দৃষ্টিশক্তির স্থায়ী ক্ষতি
- দুটি হাত-পা শারীরিকভাবে বাদ যাওয়া/অঙ্গহানি
- সম্পূর্ণ ও স্থায়ী পক্ষাঘাত
- যখন আওতাধীন ব্যক্তি এমন কোনো পেশা বা চাকরিতে কাজ করার থেকে স্থায়ীভাবে অক্ষম হয়ে পড়েন, যার জন্য তিনি যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ বা পেশার দ্বারা বেতন বা লাভের জন্য যুক্তিসঙ্গতভাবে উপযুক্ত হবেন।

যদি কোম্পানি সন্তুষ্ট হয় যে আওতাধীন ব্যক্তি অনির্দিষ্টকালের জন্য এমন অবস্থায় থাকবেন। এই ধরনের অর্থপ্রদান, যদি কিছু থাকে, নিচে উল্লিখিত ব্যতিক্রমগুলির অধীন হবে।

আওতার সময়কাল বলতে বোঝায় যে, আওতাধীন ব্যক্তি যে মাসের জন্য টাকাফুলের সদস্যতার অর্থ দিয়েছেন সেই সুনির্দিষ্ট মাসের ত্রিশ (30) দিন সময়কালের জন্য আওতাটি বৈধ।

পলিসিধারক/অংশগ্রহণকারী বলতে সংযুক্ত আরব আমিরাতের Etisalat Telecommunication Corporation Dubai-কে বোঝায়।

প্ল্যান বলতে বোঝায় এই প্ল্যান অনুযায়ী টাকাফুল আওতার ব্যাপ্তি।

সন্ত্রাসবাদ বলতে সন্ত্রাসমূলক কোনো কাজকে বোঝায় যার অন্তর্ভুক্ত হল কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের গোষ্ঠী দ্বারা বলপ্রয়োগ বা হিংসা ও/বা তার হুমকি, তারা রাজনৈতিক, ধর্মীয়, মতাদর্শগত, বা জাতিগত উদ্দেশ্য বা কারণের প্রতি অঙ্গীকারবদ্ধ হয়ে একাকী অথবা কোনো সংস্থা বা সরকারের তরফে বা তার প্রসঙ্গে যেভাবেই এই কাজ করুন না কেন, তবে এর বাইরেও কিছু থাকতে পারে, এবং এর অন্তর্ভুক্ত হল কোনো সরকারকে প্রভাবিত করার ইচ্ছা ও/বা জনগণ বা জনগণের কোনো অংশকে ভয় দেখানো।

যুদ্ধ বলতে বোঝায় যুদ্ধ, তা ঘোষিত বা অঘোষিত যাই হোক না কেন, যার অন্তর্ভুক্ত হল অর্থনৈতিক, ভৌগোলিক, রাষ্ট্রবাদী, রাজনৈতিক, জাতিগত, ধর্মীয় বা অন্যান্য উদ্দেশ্য অর্জন করার জন্য কোনো সার্বভৌম দেশ দ্বারা সামরিক শক্তির ব্যবহার।

যুদ্ধসদৃশ কার্যকলাপ বলতে বোঝায় শত্রুতা, বিপ্লব, দাঙ্গা, অসামরিক সংঘর্ষ, গৃহযুদ্ধ, বিদ্রোহ, অভ্যুত্থান, ষড়যন্ত্র, সামরিক বা জবরদখল করা ক্ষমতা এবং সামরিক আইন বা অবরোধের অবস্থা।

এই প্ল্যানে, যেখানে প্রসঙ্গটি অনুমতি দেয়, পুংলিঙ্গ ব্যবহারকারী শব্দগুলিতে স্ত্রীলিঙ্গও অন্তর্ভুক্ত থাকবে এবং একবচনাত্মক শব্দগুলিতে বহুবচন অন্তর্ভুক্ত থাকবে এবং তার বিপরীতটাও প্রযোজ্য।

আওতার ব্যাপ্তি

এই প্ল্যানে প্রদত্ত নিয়ম ও শর্তাবলীর অধীনে কোম্পানি পলিসিধারককে ক্ষতিপূরণ দেবে, যা এখানে দেওয়া হয়েছে:

দুর্ঘটনাজনিত মৃত্যু (মৃত্যু) বা দুর্ঘটনার কারণে স্থায়ী পূর্ণ বিকলাঙ্গতা (PTD) :
সূচনার তারিখের পরে এবং আওতার সময়কালে (30 দিন) দুর্ঘটনার ফলস্বরূপ দুর্ঘটনার দিন থেকে 365 দিনের মধ্যে, একজন আওতাধীন ব্যক্তির মৃত্যু বা স্থায়ী ও পূর্ণ বিকলাঙ্গতার ক্ষেত্রে, কোম্পানি AED 20,000/- (AED কুড়ি হাজার মাত্র) প্রদান করবে। আওতাধীন ব্যক্তির যতগুলি প্রিপেইড কার্ডই থাকুক না কেন, আওতাধীন প্রতি ব্যক্তির জন্য সর্বাধিক AED 20,000/- (AED কুড়ি হাজার মাত্র) অর্থরাশি প্রদান করা হবে। আওতাটি একজন গ্রাহকের জন্য একটি সুনির্দিষ্ট মাসের জন্য বৈধ থাকবে, যত দিন পর্যন্ত পলিসিধারক সেই মাসের তালিকায় গ্রাহকের রেফারেন্স নম্বরটি কোম্পানিকে প্রদান করেছেন।

এই প্ল্যানের ক্ষেত্রে প্রযোজ্য সাধারণ ব্যতিক্রমগুলি:
যদি নিম্নলিখিতগুলি ফলস্বরূপ দুর্ঘটনা ঘটে, তাহলে এই প্ল্যানের অধীনে দুর্ঘটনার শিকার হওয়া ব্যক্তিকে কোনো অর্থপ্রদান করা হবে না:

1. কোনো চরম খেলাধুলার কাজকর্মে অংশ নেওয়া বা পেশাদার খেলোয়াড় হিসেবে অংশগ্রহণ।
2. প্রতিদ্বন্দ্বিতা করা বা গতি বা সময়ের পরীক্ষাগুলির জন্য অনুশীলন করা, যে কোনো ধরনের দৌড় বা রেস।
3. অভিযানে অংশ নেওয়া বা কোনো জাহাজের কর্মীদলের অংশ হওয়া।
4. নেশাগ্রস্ত থাকা বা কোনো মাদক বা ড্রাগের প্রভাবে থাকার কারণে একজন নামাঙ্কিত আওতাধীন ব্যক্তি যে ক্ষতির শিকার বা সম্মুখীন হন, যদি না সেটা একজন চিকিৎসকের পরামর্শে দেওয়া হয়ে থাকে।
5. ভাড়া পরিশোধকারী যাত্রী, কোনো স্বীকৃত এয়ারলাইন বা একটি গতানুগতিক যাত্রাপথে পরিষেবা প্রদানকারী চার্টার পরিষেবার বাণিজ্যিকভাবে লাইসেন্সপ্রাপ্ত বিমানের বিমানচালক এবং কর্মী বাদে, অন্য কোনোভাবে বিমান চালনা, গ্লাইডিং, বা অন্য কোনো প্রকারের আকাশে ওড়ায় যুক্ত থাকব।
6. যে ব্যক্তির জীবন বিমা করা হয়েছে তার দ্বারা ফৌজদারী আইনের কোনো লংঘন বা তার প্ররোচনায় ঘটা কোনো আক্রমণ;

7. নিম্নলিখিতগুলির ফলস্বরূপ:
- অক্রিয় যুদ্ধ ছাড়া অন্য কোনো যুদ্ধ। ‘‘অক্রিয় যুদ্ধ’’-এর আওতা বাদ যায় যদি আওতাধীন ব্যক্তি কোনো দেশে যুদ্ধ ঘোষিত হওয়ার পরে অথবা ইউনাইটেড নেশন্স দ্বারা যুদ্ধের অঞ্চল হিসেবে স্বীকৃত হওয়ার পরে, অথবা যেখানে যুদ্ধসদৃশ কাজকর্ম চলছে সেখানে ভ্রমণ করেন।
- আক্রমণ
- আওতাধীন ব্যক্তির নাগরিকত্বের দেশ বা যে দেশে বা যে দেশের ওপরে ঘটনাটি ঘটে তার বৈদেশিক শত্রুর কাজকর্ম।
- গৃহযুদ্ধ
- দাঙ্গা
- বিপ্লব
- অভ্যুত্থান
- বিদ্রোহ
- আইনি উপায়ে গঠিত সরকারকে বলপ্রয়োগ করে ফেলে দেওয়া
- যে কোনো ধরনের সন্ত্রাসবাদী কাজকর্ম
- বিস্ফোরণ বা যুদ্ধের অস্ত্র
- গণ বিধ্বংসী অস্ত্র প্রয়োগ করা, যেখানে কোনো বিস্ফোরক ক্রম জড়িত নয়
- হত্যা বা আক্রমণ যা আওতাধীন ব্যক্তি যে দেশের নাগরিক তার কোনো বৈদেশিক রাষ্ট্র বা এজেন্টের দ্বারা সংঘটিত বলে পরবর্তীকালে আইনিরূপে গঠিত একটি আদালতে প্রমাণিত হয়েছে, সেই রাষ্ট্রের সঙ্গে যুদ্ধ ঘোষিত হয়ে থাকুক বা না থাকুক।

8. দুর্ঘটনাজনিত বা ইচ্ছাকৃতভাবে পারমাণবিক, জৈব, বা রাসায়নিক উপাদান ছড়িয়ে দেওয়া বা ব্যবহার করার ফলস্বরূপ ক্ষতি, যার অন্তর্ভুক্ত হল পারমাণবিক, জৈব, ও রাসায়নিক উপাদান যুক্ত আছে এমন কোনো ঘটনাকে নিয়ন্ত্রণকারী, প্রতিরোধকারী, অবদমনকারী বা অন্য কোনোভাবে তার সঙ্গে সম্পর্কিত কোনো গৃহীত পদক্ষেপের ফলস্বরূপ, প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে সংঘটিত যে কোনো ধরনের ক্ষতি, হানি, মূল্য বা খরচ।
9. যে ব্যক্তির জীবন বিমা করা হয়েছে তার বিমা যে তারিখে প্রথম আরম্ভ হয়েছিল সেই দিন থেকে এক (1) বছরের মধ্যে, মানসিকভাবে সুস্থ বা অসুস্থ থাকাকালীন আত্মহত্যার প্রচেষ্টা বা স্বয়ং নিজের শরীরে করা আঘাত।

সাধারণ শর্তাবলী

1. যোগ্যতা

a) আওতাধীন ব্যক্তির বয়স এখানে উল্লিখিত বয়সের যোগ্যতামানের মধ্যে হতে হবে।
b) যদি গ্রাহকের রেফারেন্স নম্বর পলিসিধারক কর্তৃক প্রদত্ত মাসিক তালিকায় থাকে, তাহলে সেই মাসের জন্য আওতাটি বৈধ থাকবে।

2. বয়সের সীমা

a) প্রবেশের ন্যূনতম বয়স - 18 বছর সম্পূর্ণ
b) প্রদানের সর্বাধিক বয়স - 64 বছর সম্পূর্ণ
c) আওতার সর্বাধিক বয়স - 65 বছর সম্পূর্ণ

3. প্রতারণাপূর্ণ দাবি

এই প্ল্যান অনুযায়ী করা কোনো দাবি যদি কোনো দিক থেকে প্রতারণাপূর্ণ হয় অথবা আওতাধীন ব্যক্তি বা তার তরফে কর্মরত কোনো ব্যক্তি এই প্ল্যানের অধীনে কোনো লাভ পাওয়ার জন্য যদি কোনো প্রতারণাপূর্ণ পদ্ধতি বা ছলচাতুরীর যন্ত্র বা অন্যান্য মিথ্যা ভান ব্যবহার করেন, অথবা যদি আওতাধীন ব্যক্তির ইচ্ছাকৃত কাজ বা পরোক্ষ সমর্থনে দাবিটি করা হয়, তাহলে সেই সুনির্দিষ্ট আওতাধীন ব্যক্তি এই প্ল্যানের অধীনস্থ সমস্ত লাভগুলির অধিকার খোয়াবেন।

4. বিচারের অধিকারক্ষেত্র

এই চুক্তিটি UAE-র আইন দ্বারা পরিচালিত হয় এবং সব দাবি ও/বা বিবাদগুলি সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ের যোগ্যতাসম্পন্ন আদালতগুলির অধিকারক্ষেত্রের অধীনে থাকবে।

5. প্ল্যানের বন্দোবস্তগুলির সাথে মান্যতা

প্ল্যানের অন্তর্ভুক্ত কোনো বন্দোবস্ত মেনে চলতে ব্যর্থ হলে, তা এর অধীনস্থ সব দাবিকে অবৈধ করে দেবে। যদি কোনো ক্ষেত্রে আওতাধীন ব্যক্তি ভুল তথ্য প্রদান করে থাকেন তাহলে প্ল্যানের অধীনে দাবিটি নাকচ হয়ে যাবে।

6. শর্তগুলির পালন

এই প্ল্যানের অধীনে কোম্পানি দ্বারা অর্থপ্রদান করার কোনো দায়ের পূর্বশর্ত হল পলিসিধারক কর্তৃক এই প্ল্যানের নিয়ম ও শর্তাবলী ও সত্যায়নগুলিকে যথাযথভাবে পালন ও সম্পূর্ণ করা, যতক্ষণ পর্যন্ত এগুলি তাদের দ্বারা সম্পূর্ণ করতে বা মান্য করতে হয় এমন কিছুর সাথে সম্পর্কিত।

7. আওতা সমাপ্ত হওয়া

আওতাভুক্ত ব্যক্তির জন্য এই প্ল্যানের অধীন লাভগুলি সমাপ্ত হয়ে যাবে যদি নিম্নলিখিত যে কোনো একটি বা তার বেশি ঘটনা ঘটে:

1. আওতাভুক্ত ব্যক্তি বা পলিসিধারক প্রিপেইড পরিষেবা নিষ্ক্রিয় করেন;
2. এই প্ল্যানের নিয়ম ও শর্তাবলী অনুযায়ী যে কোনো সময় পলিসিধারক এই প্ল্যান বাতিল করেন;
3. আওতাভুক্ত ব্যক্তি এখানে নির্দিষ্ট করা আওতার সর্বোচ্চ বয়সে পৌঁছে যান;
4. আওতাভুক্ত ব্যক্তির তারিখ এখন আর আওতাভুক্ত ব্যক্তির সংজ্ঞার মধ্যে যোগ্য নয়;
5. পলিসিধারক কোম্পানিকে দেওয়া মাসিক তালিকায় আওতাভুক্ত ব্যক্তির রেফারেন্স নম্বর ঘোষণা করে নি;
6. কোনো আওতাভুক্ত ব্যক্তির জন্য যে তারিখে আসল অর্থরাশির সীমা পর্যন্ত লাভগুলি প্রদান করা হয়েছে;
7. আওতাভুক্ত ব্যক্তি এখন আর UAE-র বাসিন্দা নন;
8. প্ল্যান সমাপ্তির তারিখ, যদি পলিসিধারক পরবর্তীকালে তা নবায়ন না করেন।

সমাপ্তিকরণের তারিখের পূর্বে উৎপত্তি হওয়া কোনো বৈধ দাবির প্রতি কোনো দুরাগ্রহ ছাড়া এই ধরনের কোনো সমাপ্তিকরণ সংঘটিত হবে।

8. আঞ্চলিক সীমা

24 ঘন্টা বিশ্বব্যাপী

9. বয়স সংশোধন

যদি একজন আওতাভুক্ত ব্যক্তির জন্মের শুধুমাত্র বছরটি কোম্পানিকে প্রদান করা হয়ে থাকে, তবে এই প্ল্যানের জন্য সেই আওতাভুক্ত ব্যক্তির জন্মের তারিখ 31শে ডিসেম্বর হিসেবে বিবেচিত হবে যদি না তার পাসপোর্ট বা জাতীয় পরিচয়পত্রে জন্মের তারিখ সুনিশ্চিতভাবে উল্লেখ করা থাকে।

10. ক্রমবর্ধমান লাভগুলি

কোনো আওতাভুক্ত ব্যক্তির জন্য এই প্ল্যানের অধীনে প্রদেয় লাভগুলির সর্বোচ্চ ক্রমবর্ধমান পরিমাণ টাকাফুলের লাভ-এ বিবৃত পরিমাণের চেয়ে বেশি হবে না। আওতাভুক্ত ব্যক্তিকে যদি কোম্পানির দ্বারা প্রদান করা এই প্ল্যানের অধীনে একবারের বেশি আওতায় আনা হয়ে থাকে, তাহলে অন্যান্য পলিসির অধীনে সংগৃহীত টাকাফুল সদস্যতার অর্থরাশি পলিসিধারককে ফিরিয়ে দেওয়া হবে এবং দাবিটি একবার মাত্র পরিশোধ করা হবে, যদি না নিয়ম ও শর্তাবলীতে অন্য কিছু উল্লেখ করা থাকে। তবে এই প্ল্যানের অধীনে দাবিটি অন্যান্য বিমা প্রদানকারীর থেকে আওতাভুক্ত ব্যক্তির নামে নেওয়া অন্য কোনো প্ল্যানের দ্বারা প্রভাবিত হবে না।

11. অতিরিক্ত সময়কাল

প্রথমবার টাকাফুল সদস্যতা রাশি প্রদানের পরে পরিশোধযোগ্য প্রতিটি টাকাফুল সদস্যতা রাশির অর্থপ্রদানের জন্য ত্রিশ (30) দিনের অতিরিক্ত সময় মঞ্জুর করা হবে, যে সময়কালে প্ল্যানটিকে নিরন্তর কার্যকর রাখা হবে, যদি না বাতিলকরণের নিয়ম অনুযায়ী প্ল্যানটিকে বাতিল করা হয়ে থাকে।

প্ল্যানটি যে সময়কালের জন্য বলবৎ থাকবে, তার জন্য কোম্পানিকে টাকাফুল সদস্যতা রাশির অর্থপ্রদান করার জন্য আওতাভুক্ত ব্যক্তি দায়বদ্ধ থাকবেন। যদি অতিরিক্ত সময়কালের মধ্যে ক্ষতি হয়, তাহলে নিষ্পত্তির অর্থরাশি থেকে সেই সময় বকেয়া ও পরিশোধ না করা যে কোনো টাকাফুল সদস্যতা রাশি কেটে নেওয়া হবে।

12. পরিচালনাকারী আইন ও বিচারের অধিকারক্ষেত্র

এই প্ল্যানটি সংযুক্ত আরব আমিরাতের আইনগুলি অনুযায়ী পরিচালনা ও ব্যাখ্যা করা হবে। উভয় পক্ষ সংযুক্ত আরব আমিরাতের আদালতগুলির একাধিকারের অধিকারক্ষেত্রের বিষয়ে সম্মত ও অনুবর্তী হচ্ছেন।

13. সময় সীমা

যদি কোনো দাবি করার পরে তা প্রত্যাখ্যাত হয়, এবং এই প্রত্যাখ্যানের পরবর্তী ছয় (6) মাসের মধ্যে অথবা (যদি এই প্ল্যানের ব্যবস্থাগুলি অনুযায়ী মধ্যস্থতার দ্বারা নিষ্পত্তির প্রক্রিয়া চালানো হয় সেই ক্ষেত্রে) মধ্যস্থতাকারী তার রায় দেওয়ার পরবর্তী ছয় (6) মাসের মধ্যে কোনো পদক্ষেপ বা মামলা শুরু করা না হয়, তাহলে এই প্ল্যানের অধীনে সব লাভগুলি বাজেয়াপ্ত হয়ে যাবে।

দাবি জানানোর প্রণালী

এই প্ল্যানের অধীনে কোনো দাবি তৈরি হয় এমন কোনো ঘটনা ঘটার পরে, আওতাভুক্ত ব্যক্তি / আওতাভুক্ত ব্যক্তির প্রতিনিধিরা নিম্নলিখিত প্রণালী অনুসরণ করবেন:

1. দাবির বিষয়ে অবহিত করা

প্রতিনিধিরা বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তি ঘটনার দিন থেকে নব্বই (90) দিনের মধ্যে কোম্পানিকে এই দাবিটি সম্বন্ধে অবহিত করবেন।

2. দাবি জমা দেওয়া/নিবন্ধন

প্রতিনিধিরা বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তি ঘটনার দিন থেকে একশত আশি (180) দিনের মধ্যে দাবির প্রয়োজনীয় কাগজপত্র সহ, সম্পূর্ণ করা দাবির ফর্মগুলি কোম্পানির কাছে জমা দেবেন। কোম্পানি কাগজপত্র পাওয়ার একটি (1) কর্মদিবসের মধ্যে দাবিটি নিবন্ধন করবে।

3. অসম্পূর্ণ /অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়া

প্রতিনিধিরা বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তি গ্রাহকের প্রতিনিধির কাছ থেকে যখনই অসম্পূর্ণ/অতিরিক্ত কাগজপত্র পাবেন, তখনই সেই সবগুলি জমা দেবেন। কোম্পানি সেই অনুযায়ী দাবির অবস্থা হালনাগাদ করে।

4. ডিসচার্জ রসিদ

দাবিটি অনুমোদিত হওয়ার পরে, কোম্পানি প্রতিনিধি বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তিকে সাতটি (7) কর্মদিবসের মধ্যে একটি ডিসচার্জ রসিদ (DR) প্রদান করে। DR হল দাবির প্রাপ্তিস্বীকার, এবং প্রতিনিধিরা বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তি তাদের স্বাক্ষর সহ এটি আবার কোম্পানির কাছে জমা দেন।

5. দাবির নিষ্পত্তি

কোম্পানি দাবির সমস্ত কাগজপত্র পাওয়ার পনেরটি (15) কর্মদিবসের মধ্যে দাবির নিষ্পত্তি করবে।

6. দাবি অস্বীকার করা

যদি দাবিটি প্ল্যানের নিয়ম ও শর্তাবলীর অধীনে গ্রহণযোগ্য না হয়, তাহলে যে প্রতিনিধি বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তি দাবিটি জমা দিয়েছেন কোম্পানি তাকে দাবির সমস্ত কাগজপত্র প্রাপ্তির দিন থেকে পাঁচটি (5) কর্মদিবসের মধ্যে একটি অস্বীকার পত্র পাঠাবে।

7. দাবির প্রয়োজনীয় কাগজপত্র

প্রতিনিধি বা লাভপ্রাপক বা আওতাভুক্ত ব্যক্তিকে দাবির ফর্মের সাথে নিম্নলিখিত কাগজপত্রগুলি কোম্পানির কাছে জমা দিতে হবে। দাবির চূড়ান্ত নিষ্পত্তির আগে নিচে নির্দেশ করা সমস্ত কাগজগুলির সত্যতা প্রতিপাদনের জন্য সেগুলির আসল কপি (কর্তৃপক্ষের কাছে সমর্পণ করা কাগজগুলি ছাড়া) পেশ করার প্রয়োজন হতে পারে।

a) মৃত্যু সংক্রান্ত দাবি

1) দাবির ফর্ম
2) মৃত্যুর সার্টিফিকেট
3) পুলিশের রিপোর্ট
4) ময়নাতদন্তের রিপোর্ট (যে ক্ষেত্রে আইন অনুযায়ী প্রয়োজনীয়)
5) পাসপোর্টের কপি (ভিনদেশীদের জন্য বসবাসের ভিসার পাতাটি সহ) বা জাতীয় পরিচয়পত্র (শুধুমাত্র UAE-র নাগরিকদের জন্য)
6) দাবিটি প্রতিপাদনের জন্য অন্য যে সব নথিপত্র আবশ্যক হতে পারে।

b) PTD দাবি

1) দাবির ফর্ম
2) বিকলাঙ্গতার মূল্যায়ন করার জন্য একজন অনুমোদিত চিকিৎসকের কাছ থেকে বিকলাঙ্গতার সার্টিফিকেট।
3) পুলিশের রিপোর্ট
4) একজন অনুমোদিত চিকিৎসকের কাছ থেকে বিস্তারিত রোগনির্ণয়, বিকলাঙ্গতার কারণ এবং প্রদত্ত চিকিৎসার বিশদ তথ্য সহ চিকিৎসার রিপোর্ট (যদি কিছু থাকে)।
5) বৈধ ভিসার পাতা সহ পাসপোর্টের কপি (ভিনদেশীদের জন্য) বা জাতীয় পরিচয়পত্র (UAE-র নাগরিকদের জন্য)।
6) দাবিটি প্রতিপাদনের জন্য অন্য যে সব নথিপত্র আবশ্যক হতে পারে।

দাবির চূড়ান্ত নিষ্পত্তির আগে ওপরে নির্দেশ করা সমস্ত কাগজগুলির সত্যতা প্রতিপাদনের জন্য সেগুলির আসল কপি (কর্তৃপক্ষ বা নিয়োগকর্তার কাছে সমর্পণ করা কাগজগুলি ছাড়া) পেশ করার প্রয়োজন হতে পারে।

** চিকিৎসার রিপোর্টটি চিফ মেডিকাল অফিসার বা স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত অন্য কোনো নিবন্ধিত চিকিৎসকের কাছ থেকে সংগ্রহ করা উচিত।*